



কোভিড-19 টিকায় (ভ্যাকসিনে) কি আছে?

কোভিড-19 এর টিকায় কোনো প্রাণীর বা বা ডিমের উপাদান নেই, বা ঙ্গকোষ বা ঙ্গকোষের উপাদানযুক্ত পদার্থ নেই।

তাই ধর্মীয় বা পথ্য অনুসরণ সংক্রান্ত কারণে বিশেষ কয়েক ধরনের মাংস খাওয়া যাদের জন্য নিষেধ অথবা যারা নিরামিভোজী, তাদের জন্য এই টিকা উপযুক্ত।

টিকার উপাদান প্রকাশ করা হয় একটি অনুমোদন প্রক্রিয়ার অংশ হিসাবে। নিচের ওয়েবসাইটে এ সম্পর্কে তথ্য রয়েছে:

- ফাইজার/বায়োএনটেক এর টিকা:

<https://www.gov.uk/government/publications/regulatory-approval-of-pfizer-biontech-vaccine-for-covid-19>

- অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনেকার টিকা:

<https://www.gov.uk/government/publications/regulatory-approval-of-covid-19-vaccine-astrazeneca>

সকলের সুরক্ষা ও জীবন বাঁচানোর স্বার্থে এন.এইচ.এস (NHS) সকলকে টিকা নেয়ার আহ্বান জানাচ্ছে। টিকা নেয়া বা না নেয়া ব্যক্তিগত সিদ্ধান্তের ব্যাপার। তবে সঠিক তথ্য প্রমাণের ভিত্তিতে আপনার সিদ্ধান্ত নেয়া আবশ্যিক। টিকা নেবেন কি নেবেন না সে ব্যাপারে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে নিম্নোক্ত তথ্য আপনাকে সাহায্য করতে পারে:

মুসলমানদের জন্য পরামর্শ

- দি মক্স এন্ড ঈমামস ন্যাশন্যাল এডভাইজরি বোর্ড (এম.আই.এন.এ.বি) [মসজিদগুলোর জন্য জুম্মার নামাজের সারমিন \(খুতবা\) পাঠ তৈরি করেছেন।](#) খুতবাগুলোতে বলা হয়েছে মুসলমানদের কেন টিকা নেয়া উচিত।
- [ব্রিটিশ ইসলামিক অ্যাসোসিয়েশন \(বি.আই.এম.এ\)](#) ফাইজার বায়োএনটেকের টিকা সহ, অক্সফোর্ড অ্যাস্ট্রাজেনেকার টিকা নেয়ার সুপারিশ করেছেন। এ ব্যাপারে তারা বিভিন্ন তথ্য প্রকাশ করেছেন যা পড়লে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে আপনাকে সাহায্য করতে পারবে।
- [জিপি ডক্টর আমির খানের ভিডিও।](#) তিনি বলেছেন টিকায় প্রাণীর কোনো উপাদান নেই এবং তা মুসলমান ও হিন্দুদের জন্য উপযুক্ত।



NHS

- **রমজানের সময় কি আমি টিকা নিতে পারব? টিকা নিলে আমার রোজা কি ভেঙ্গে যাবে?**

ইসলামিক আলেমগণ স্পষ্ট করে বলেছেন পুষ্টির জন্য ছাড়া অন্য কোনো কারণে ইনজেকশন নিলে রোজা ভেঙ্গে যাবে না। সুতরাং রোজা মাসেও আপনি টিকা নিতে পারবেন।

ব্রিটিশ ইসলামিক মেডিকেল অ্যাসোসিয়েশনও অনুরোধ করেছেন মুসলমানরা যেন রোজা রাখার জন্য টিকা নিতে দেরী না করেন।

হিন্দু ধর্মাবলম্বীদের জন্য পরামর্শ

- [নিয়েসডেন টেম্পোল থেকে গুজরাটি ভাষায় একটি ভিডিও তৈরি করা হয়েছে।](#) ভিডিওতে তারা করোনাভাইরাস সম্পর্কে তথ্য প্রদান করেছেন এবং নিশ্চিত করেছেন যে টিকা নিরাপদ ও কার্যকরী।
- [জিপি ডক্টর আমির খানের ভিডিও।](#) তিনি বলেছেন টিকায় প্রাণীর কোনো উপাদান নেই এবং তা মুসলমান ও হিন্দুদের জন্য উপযুক্ত।

ইহুদি ধর্মের অনুসারীদের জন্য পরামর্শ

- দি কনফারেন্স অব ইউরোপীয়ান রাবিবজ এই ভিডিওটি প্রকাশ করেছেন: [অক্সফোর্ড-অ্যাস্ট্রাজেনিকা](#) ভ্যাকসিনের ব্যাপারে আমাদের বক্তব্য

নিরামিষ ভোজীদের বা কটুর নিরামিষ ভোজীদের (ভিগানদের) জন্য পরামর্শ

- [ভেজিটারিয়ান সোসাইটি:](#) কোভিড-19 এর টিকা সম্পর্কে আপনার কি কি জানা উচিত
- [ভিগান সোসাইটি:](#) কোভিড-19 টিকার ব্যাপারে প্রতিক্রিয়া।